



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ১৬(৬৯৫)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২৮৯১

তারিখ: ১১ ডিসেম্বর, ২০১৪

২০১২-২০১৩ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির আবেদনের সময় বৃদ্ধি সম্পর্কিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট কলেজ ও শিক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদনের সময়সীমা বৃদ্ধি করা হলো। সে অনুযায়ী নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nu.edu.bd/admissions) এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

ক্রমিক	করণীয়	তারিখ
১।	প্রথম ধাপ: অনলাইনে প্রাথমিক আবেদন শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.edu.bd/admissions) এর Masters অপশনে ক্লিক করে Apply Now (Masters Preliminary) অপশনের মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার অর্জিত স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাশের সন এন্ট্রি দিতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার পছন্দ অনুযায়ী একটি কলেজ/ইন্সটিটিউটের নাম select করলে শিক্ষার্থী তার স্নাতক পর্যায়ে জেলা/ওয়ারী কলেজসমূহের তালিকা দেখতে পাবে এবং সতর্কতার সংগে প্রার্থিত কলেজের পছন্দ নির্বাচনসহ অন্যান্য তথ্য পূরণ করবে। এ পর্যায়ে আবেদন ফরমে শিক্ষার্থীর ছবি স্ক্যান করে আপলোড করতে হবে এবং submit অপশনে গিয়ে ফরম download করে প্রিন্ট নিতে হবে। সঠিকভাবে ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) শিক্ষা কার্যক্রমের ভর্তি নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১৩/১২/২০১৪ থেকে ২২/১২/২০১৪
২।	দ্বিতীয় ধাপ: শিক্ষার্থীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটি (নির্ধারিত স্থানে স্বাক্ষর করে) সংশ্লিষ্ট কলেজে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ জমা দিতে হবে।	১৩/১২/২০১৪ থেকে ২১/১২/২০১৪
৩।	তৃতীয় ধাপ: প্রাথমিক আবেদনকারীদের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়ন করার তারিখ	১৩/১২/২০১৪ থেকে ২৩/১২/২০১৪
৫।	চতুর্থ ধাপ: সংশ্লিষ্ট কলেজ কর্তৃক এ সকল শিক্ষার্থীর প্রাথমিক আবেদন ফি'র নির্ধারিত অংশ জাতীয় বিশ্ববিদ্যালয়ে ডি.ডি. করার পরিবর্তে "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দেয়ার শেষ তারিখ। সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Admission Payment Info (Masters Preliminary) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর ১০০০৩২৪৫৯ উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৯/১২/২০১৪
দৃষ্টি আকর্ষণ		
স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) কোর্সে অধিভুক্ত কলেজসমূহের জন্য ২০১১-২০১২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষবর্ষ (নিয়মিত) ভর্তি কার্যক্রমে বরাদ্দকৃত User ID ও Password বহাল থাকবে তবে নতুন অধিভুক্ত কলেজসমূহের জন্য User ID , Password এবং One Time Password (OTP) পেতে ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রে সরাসরি আবেদন করতে হবে।		

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)

ডীন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়

অনুলিপিঃ

স্মারক নং- ১৬(৬৯৫)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/

তারিখ: ১১ ডিসেম্বর, ২০১৪

১। পরিচালক (ভারপ্রাপ্ত) অর্থ ও হিসাব জাতীয় বিশ্ব:

২। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

৩। সচিব, ভাইস চ্যান্সেলর এর দফতর

৪। সহকারী রেজিস্ট্রার প্রো-ভিসি (একাডেমিক)

৫। অফিস কপি

উপ-রেজিস্ট্রার

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়